



বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন
জনসংযোগ ইউনিট, সদর দফতর, ২২, পুরানা পল্টন, ঢাকা
ই-মেইল : pro@bhafc.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি

বিএইচবিএফসি'র

মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপন



বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন ২১ ফেব্রুয়ারী মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস যথাযথ মর্যাদা ও আনুষ্ঠানিকতার মধ্য দিয়ে পালন করে। বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক দেবশীষ চক্রবর্তী সদর দফতরে প্রতিষ্ঠিত শহীদ মিনারে পুষ্পসম্ভবক অর্পণের মধ্য দিয়ে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।

বিএইচবিএফসি'র মহাব্যবস্থাপকবৃন্দসহ সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারী শ্রদ্ধা নিবেদন অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। এছাড়া বিএইচবিএফসি'র বঙ্গবন্ধু ও বঙ্গমাতা পরিষদ, অফিসার কল্যাণ সমিতি এবং ঢাকাস্থ জোনাল ও শাখা অফিসে কর্মরত কর্মকর্তা-কর্মচারীবৃন্দ স্ব-স্ব ম্যানেজারগণের নেতৃত্বে শহীদদের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। পুষ্পসম্ভবক অর্পণ শেষে ব্যবস্থাপনা পরিচালক দিবসটির গুরুত্ব ও তাৎপর্য তুলে ধরে কর্পোরেশনসহ দেশ মাতৃকার মঙ্গল ও উন্নয়নের স্বার্থে সকলকে সম্মিলিতভাবে কাজ করার আহবান জানান।